



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd



প্রেস বিজ্ঞপ্তি


তারিখ: ১১ এপ্রিল ২০২১

বিশ্বব্যাংক COVID-19 ভ্যাকসিন ক্রয়ের নিমিত্তে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন “COVID-19 Emergency Response And Pandemic Preparedness” শীর্ষক প্রকল্পের আওতায় অতিরিক্ত ঋণ সহায়তা হিসেবে ৫০০.০০ মিলিয়ন মার্কিন ডলার প্রদানে সম্মত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের মধ্যে অদ্য ১১ এপ্রিল ২০২১ তারিখ অর্থনৈতিক সম্পর্ক বিভাগে ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে মিঞ্জ ফাতিমা ইয়াসমিন, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং বিশ্বব্যাংকের পক্ষে বাংলাদেশ অফিসের Country Director, Ms. Mercy Tembon চুক্তিটিতে স্বাক্ষর করেন।

উল্লেখ্য যে, ‘COVID-19 Emergency Response and Pandemic Preparedness’ শীর্ষক মূল প্রকল্পে বিশ্বব্যাংক গত ১০ এপ্রিল, ২০২০ তারিখ ১০০.০০ মিলিয়ন মার্কিন ডলারের ঋণ সহায়তা প্রদান করেছে। এই প্রকল্পের আওতায় Asian Infrastructure Investment Bank (AIIB) ১০০.০০ মিলিয়ন মার্কিন ডলার সহ-অর্থায়ন (Co-Finance) করেছে। এর ধারাবাহিকতায় বিশ্বব্যাংক COVID-19 ভ্যাকসিন ক্রয়ের জন্য চলমান প্রকল্পের আওতায় অতিরিক্ত অর্থায়ন (Additional Financing) হিসেবে ৫০০.০০ মিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত অর্থায়ন করতে সম্মত হয় যার বাস্তবায়নকাল এপ্রিল ২০২০ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত। আলোচ্য প্রকল্পে বিশ্বব্যাংকের অতিরিক্ত অর্থায়নের মূল উদ্দেশ্য নিম্নরূপ:

- বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) বা তিনটি Stringent Regulatory Authorities কর্তৃক স্বীকৃত COVID-19 ভ্যাকসিন সরাসরি ক্রয় বা COVID-19 Vaccine Global Access Facility (COVAX) থেকে অগ্রিম ক্রয়ের মাধ্যমে দেশের মোট জনসংখ্যার ৩১% কে টিকা প্রদান;
- ঔষধ প্রশাসন অধিদপ্তরে Vaccine Testing Lab (WHO maturity level-3) স্থাপনের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি; এবং
- টিকা সংরক্ষণ এবং বিতরণে Cold Chain System অক্ষুন্ন রাখার মাধ্যমে টিকার গুণগত মান নিশ্চিতকরণ।

বিশ্বব্যাংকের এই অতিরিক্ত অর্থায়নের ক্ষেত্রে IDA Regular Terms প্রযোজ্য হবে। উল্লেখ্য, ঋণটি ৫ বছরের গ্রেস পিরিয়ডসহ ৩০ বছরে পরিশোধযোগ্য এবং সুদের হার ১.২৫%, সার্ভিস চার্জ ০.৭৫% এবং অনুত্তোলিত অর্থের (Undisbursed amount) ওপর কমিটমেন্ট চার্জ ০.৫০%।


১১.০৪.২০২১

(মোঃ সারওয়ার মোর্শেদ)
সিনিয়র সহকারী সচিব
বিশ্বব্যাংক-৫ অধিশাখা
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়